

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
www.abak-rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৬.১৯.২৯৩

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬

২৫ জুলাই ২০১৯

বিষয়: কারন দর্শানো প্রসঙ্গে।

জনাব মো: আব্দুল জাক্কার, কম্পিউটার অপারেটর কাম অফিস সহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সিলেট-এর বিরুদ্ধে অফিসের কাজে গাফিলতি ও উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ পালনে অনীহা প্রদর্শন করা, সহকর্মীর সাথে খারাপ আচরণ করা, লিখিত আদেশ ছাড়া অফিসের কোন কাজ করতে অপারগতা প্রকাশ করা, ইচ্ছাকৃতভাবে অফিসের কাজ ভুলভাবে উপস্থাপন করা, বিনা অনুমতিতে অফিস বন্ধ করা, অফিসের সময়সীমা মেনে না চলা এবং অফিসের কাজে তার সাথে মোবাইলে যোগাযোগ করা যাবেনা মর্মে ঔদ্ধত্য প্রদর্শন করাসহ নানাবিধ অভিযোগ পাওয়া গেছে।

০২। বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসাদাচারণ, কর্তব্যকর্মে চরম অবহেলা এবং অফিস শৃংখলা পরিপন্থী। এহেন অবস্থায় তাকে কোনভাবেই প্রকল্পের চাকুরীতে বহাল রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ০৬ (ছয়) নং শর্তানুযায়ী তাকে ০১ (এক) মাসের নোটিশে চাকুরি হতে অব্যাহতি দেওয়ার বিধান রয়েছে।

০৩। এমতাবস্থায়, কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে জেলা সমন্বয়কারী এবং অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)-এর মাধ্যমে প্রেরণের নির্দেশ প্রদান করা হলো।



২৮-৭-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-
rdcd.gov.bd

জনাব মো: আব্দুল জাক্কার, কম্পিউটার অপারেটর কাম অফিস
সহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সিলেট।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৬.১৯.২৯৩/১(৭)

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬

২৫ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইফ্রাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, সিলেট।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, সিলেট।
- ৪) উপপরিচালক, বিআরডিবি, সিলেট।
- ৫) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সিলেট।

৭) সংশ্লিষ্ট নথি ।



২৮-৭-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)